

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৩৯]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১৬: সারারাত জাগরণ

باب إحياء الليل

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ بْنِ سَعِيدِ بْنِ كَثِيرٍ، قَالَ: حَدَّثَنَا أَبِي، وَبَقِيَّةُ، قَالَا: حَدَّثَنَا ابْنُ أَبِي حَمَزَةَ، قَالَ: حَدَّثَنَا الزُّهْرِيُّ، قَالَ: أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ بْنِ نَوْفَلٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ خَبَّابِ بْنِ الْأَرْتِ، عَنْ أَبِيهِ، وَكَانَ قَدْ شَهِدَ بَدْرًا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنَّهُ رَاقِبَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّيْلَةَ كُلَّهَا حَتَّى كَانَ مَعَ الْفَجْرِ، فَلَمَّا سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ صَلَاتِهِ جَاءَهُ خَبَّابٌ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، بِأَبِي أَنْتَ وَأُمِّي لَقَدْ صَلَّيْتَ اللَّيْلَةَ صَلَاةً مَا رَأَيْتُكَ صَلَّيْتَ نَحْوَهَا، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَجَلٌ إِنَّهَا صَلَاةٌ رَغِبٍ وَرَهَبٍ سَأَلْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فِيهَا ثَلَاثَ خِصَالٍ فَأَعْطَانِي اثْنَتَيْنِ وَمَنْعَنِي وَاحِدَةً، سَأَلْتُ رَبِّي عَزَّ وَجَلَّ أَنْ لَا يَهْلِكَنَا بِمَا أَهْلَكَ بِهِ الْأُمَّمَ قَبْلَنَا فَأَعْطَانِيهَا، وَسَأَلْتُ رَبِّي عَزَّ وَجَلَّ أَنْ لَا يُظْهِرَ عَلَيْنَا عَدُوًّا مِنْ غَيْرِنَا فَأَعْطَانِيهَا، وَسَأَلْتُ رَبِّي أَنْ لَا يَلْبَسَنَا شَيْعًا فَمَنْعَنِيهَا .

تخريج دارالدعوة: سنن الترمذی/الفتن ۱۴ (۲۱۷۵)، (تحفة الأشراف: ۳۵۱۶)، مسند احمد ۵/۱۰۸ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1639 - صحيح

বাংলা

১৬৩৮. 'আমর ইবনু উসমান ইবনু সা'ঈদ ইবন কাসীর (রহ.) 'আবদুল্লাহ ইবনু খব্বাব (রহ.) সূত্রে তার পিতা

খব্বাব ইবনু আরাত (রাঃ) হতে বর্ণিত। তিনি বদরের যুদ্ধে রসূলুল্লাহ (সা.) -এর সাথে ছিলেন। একদা তিনি রসূলুল্লাহ (সা.) -কে সারারাত গভীর মনোযোগ সহকারে ফজর পর্যন্ত তাঁর প্রতি লক্ষ্য রাখেন। যখন রসূলুল্লাহ (সা.) নিজ সালাত শেষে সালাম ফিরালেন, খব্বাব (রাঃ) তাঁর কাছে এসে বললেন, হে আল্লাহর রসূল! আমার মাতা-পিতা আপনার জন্যে কুরবান হোক। আপনি আজ রাতে এত দীর্ঘক্ষণব্যাপী সালাত আদায় করলেন যে, আপনাকে আমি এর আগে এত দীর্ঘক্ষণব্যাপী সালাত আদায় করতে দেখিনি। রসূলুল্লাহ (সা.) বললেন, হ্যাঁ; তা ছিল আশা-নিরাশার সালাত। আমি আমার রবের সমীপে তিনটি বিষয়ের প্রার্থনা করেছিলাম, তিনি দু'টি বিষয়ের প্রার্থনা কবুল করেছেন আর একটি বিষয়ের অস্বীকৃতি জানিয়েছেন। আমি আমার রবের কাছে প্রার্থনা করেছিলাম, তিনি যেন আমাদের আগের উম্মাতদের ন্যায় আমাদের শাস্তি দিয়ে ধ্বংস করে না দেন। তিনি আমার এ দু'আ কবুল করেছেন। আমি আমার রবের সমীপে দু'আ করেছিলাম তিনি যেন আমাদের ওপরে আমাদের বিপক্ষ (বিধর্মী) শক্তিসমূহকে বিজয়ী না করেন। তিনি আমার এ দু'আও কবুল করেছেন। আমি আমার রবের কাছে এও প্রার্থনা করেছিলাম যে, তিনি যেন আমাদের বিভিন্ন দলে বিভক্ত করে না দেন। কিন্তু তিনি আমার এ দু'আ কবুল করেননি।

English

Staying up at night (in prayer)

It was narrated from 'Abdullah bin Khabbab bin Al-Aratt, from his father who had been present at Badr with the Messenger of Allah (ﷺ), that: He watched the Messenger of Allah (ﷺ) one night when he prayed all night until Fajr time. When the Messenger of Allah (ﷺ) said the taslim at the end of his prayer, Khabbab said to him: 'May my father and mother be ransomed for you O Messenger of Allah, last night you offered a prayer the like of which I have never seen you offer. The Messenger of Allah (ﷺ) said: Yes indeed. This is a prayer of hope and fear in which I asked my Lord, the Mighty and Sublime, for three things, of which He gave me two and did not grant me one. I asked my Lord not to destroy us with which he destroyed the nations before us, and He granted me that. And I asked my Lord not to let an enemy from without prevail over us, and He granted me that. And I asked my Lord not to divide us into warring factions and He did not grant me that.

ফুটনোট

সহীহ: তিরমিযী ২১৭৫, ২২৮০; মুসনাদে আহমাদ ২১০৯১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ খব্বাব ইবনুল আরাত (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90134>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন